

সমারসেটের প্রাপ্তবয়স্কদের জন্য সোশ্যাল কেয়ার সার্ভিস আমরা কি আপনাকে সাহায্য করতে পারি?

সমারসেটের প্রাপ্তবয়স্করা ও তাদের কেয়ারাররা যাতে নিরাপদ থাকেন, তাদের ভালোভাবে দেখাশোনা করা হয় এবং তারা যথাসম্ভব স্বাধীন থাকতে পারেন তা নিশ্চিত করতে আমরা তাদের জন্য যত্ন ও সহায়তার আয়োজন করি।

আমরা আপনাকে কিভাবে সাহায্য করতে পারি?

আপনাকে ও যিনি আপনার দেখাশোনা করেন তাকে সহায়তা করার জন্য আপনার সমাজে কি কি সুবিধা পাওয়া যায় তার ব্যাপারে উপদেশ ও তথ্য সরবরাহ করতে পারি।

আপনার প্রয়োজনীয় সহায়তা পেতে আমরা আপনাকে সাহায্য করতে পারি। এর কয়েকটির জন্য আমরা খরচও বহন করতে পারি।

আপনি নিজেই যদি আপনার সেবায়ত্ন ও সহায়তার আয়োজন করতে চান, আমরা সে ব্যাপারে আপনাকে উপদেশ দিতে ও সাহায্য করতে পারি।

আমরা আপনাকে নিম্নোক্ত বিষয়গুলোর মতো ব্যাপারে সাহায্য করতে পারি:

- আপনার স্বাধীনতা ফিরে পেতে ও তা বজায় রাখায়
- আপনার সুবিধার জন্য যত্নপাতি সরবরাহ করা
- আপনার বাড়ীতে আপনার জন্য সুবিধাজনক করে অদলবদল করা
- আপনার নিজের বাড়ীতে যত্ন ও সহায়তা দান করা
- কেয়ার হোমে চলে যাওয়া আপনার জন্য সঠিক কিনা সে সিদ্ধান্ত নিতে
- আপনার দেখাশোনাকারীকে বিরতি দেয়া

আমি কিভাবে আরো জানতে পারবো?

সমারসেট ডাইরেক্ট কে যোগাযোগ করুন

ফোন: 0845 345 9133

মিনিকম: 0800 7434578

টেক্সট: 077814 82858

ফ্যাক্স: 01823 273954

ইমেইল: adults@somerset.gov.uk

তারা আপনাকে উপদেশ দিতে পারবেন।

যিনি আপনাকে সাহায্য করতে পারবেন তার সাথে তারা আপনাকে যোগাযোগ করিয়ে দেবেন।

আমার ভাষা যদি ভিন্ন হয় বা আমার যদি ভিন্ন উপায়ে তথ্য পাওয়ার প্রয়োজন হয়?

আমরা আপনার নিজের ভাষায় আপনাকে তথ্য সরবরাহ করার আয়োজন করতে পারি।

আমরা আপনার সাথে মুখোমুখি আলোচনার জন্য একজন অনুবাদকের ব্যবস্থা করতে পারি যাতে আপনার পছন্দসই ভাষায় আপনি আমাদের সাথে কথা বলতে পারেন।

আমরা আপনাকে ভিন্ন মাধ্যমে তথ্য সরবরাহ করার ব্যবস্থা করতে পারি, যেমন বড় ছাপা, সিডি বা টেইপ অথবা ব্রেইল বা সহজভাষায়।